কুষ্টিয়ায় বৃদ্ধের মর*দেহ উদ্ধার

কুষ্টিয়ায় আলতাফ প্রামানিক (৬৫) এক বৃদ্ধের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আজ রবিবার দুপুরের দিকে সদর উপজেলার হাটশ হরিপুর ইউনিয়নের বোয়ালদহ মধ্যপাড়া এলাকার কৃষকরা মরদেহ দেখে খবর দিলে পুলিশ এসে তা উদ্ধার করে।

নিহত আলতাফ প্রামানিক হাটশ হরিপুর ইউনিয়নের বাহির বোয়ালদহ এলাকার মৃত আফজাল হোসেনের ছেলে। তিনি কুষ্টিয়া মজমপুর এলাকায় নৈশ প্রহরী হিসেবে চাকরি করতেন।

বোয়ালদহ মবের মোড় এলাকার দুলালের স্ত্রীর সাবানা পাওনা টাকার ব্যাপারে মঙ্গলবার থানায় তার বিরুদ্ধে লিখিত অভিযোগ করেন।

অভিযোগের বিষয়টি আলতাফ জানতে পেরে রাগে ক্ষোভে তার বোনের বাড়িতে চলে যান। পরে রবিবার তার মরদেহ মাঠের মধ্যে পাওয়া যায়। নিহতের আত্মীয় হাবিব বলেন, বাসা থেকে রাগারাগি করে আসার পর একদিন তার বোনের বাসায় থাকার পর এই কয়দিন আমার বাসায় ছিল। কাল সন্ধ্যায় আমার বাসা থেকে চলে যায় তার নাইট ডিউটির কথা বলে।

কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সোহেল রানা বলেন, মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। তদন্তের পরে সব জানা যাবে। তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে কিছু একটা পান করে সে আত্মহত্যা করেছে।

কুষ্টিয়ার মাসুদ বিড়ি ফ্যাক্টরিতে হানিফের নির্বাচনী

পথসভা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জননেতা মাহাবুব উল আলম হানিফের নির্বাচনী পথসভা আজ সকালে বড়বাজার মাসুদ বিড়ি ফ্যাক্টরিতে শ্রমিকদের নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় শ্রমিকলীগ কেন্দ্র কমিটির নির্বাহী সদস্য কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মোঃ আমজাদ আলী খান।

মোহাম্মদ শাহাদ আলী বিশ্বাসের সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন মাসুদ বিড়ি ফ্যাক্টরি শ্রমিক নেতা মোহাম্মদ আকমান হোসেন, মোহাম্মদ হানিফ প্রামাণিক, জেলা জাতীয় শ্রমিক লীগের যুগ্ন সাধারণ সম্পাদক মোঃ হামিদুল ইসলাম, মোঃ মুসা আলী খান, সংগঠনিক সম্পাদক মোঃ জাহাঙ্গীর হোসেন সহ সাধারণ সম্পাদক মোঃ সেলিম উদ্দিন শহর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মাহবুব হোসেন সমাজকল্যাণ সম্পাদক খমিনি আহমেদ জেলা যুবশ্রমিক লীগের যুগ্ন আহবায়ক মোহাম্মদ রবিউল ইসলাম সদস্য সচিব শরিফুল ইসলাম রিপন।

প্রধান অতিথি আতাউর রহমান আতা তার বক্তব্যে বলেন, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৭ জানুয়ারি সকল ভোটার কে ভোট কেন্দ্রে তাদের উপস্থিত করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং জননেতা জনাব মাহবুবুল আলম হানিফের কুষ্টিয়ার জনপদের মানুষের জন্য কল্যাণমূলক কার্যক্রম করেছেন সেগুলা তুলে ধরে বক্তব্য রাখেন।

তিনি আরো বলেন, জননেতা মাহবুব আলম হানিফ আগামীতে এমপি নির্বাচিত হলে কুষ্টিয়া শহরকে স্মার্ট শহরে রূপান্তরিত করার কার্যক্রম শুরু করবে।

প্রধান বক্তা আমজাদ আলী খান বলেন, জননেত্রী শেখ হাসিনা মাহবুব উল আলম হানিফকে নৌকার প্রতীক দিয়ে কুষ্টিয়া সদর ৩ আসনে পাঠিয়েছেন তাকে ভোট দিয়ে জয়যুক্ত করলে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করা হবে এবং সরকারের উন্নয়নের ধারা অব্যাহত থাকবে। যারা ভোটকে বাঁধাগ্রস্থ করার জন্য ষড়যন্ত্র করছে এদের বিষয়ে

তাৎক্ষণিকভাবে আইনশৃঙ্খলা বাহিনীকে জানানোর জন্য অনুরোধ করেন এবং শ্রমিকদের স্থানীয় সমস্যাগুলো নেতৃবৃন্দের কাছে তুলে ধরেন নির্বাচনের পরে বিষয়গুলি সমাধান করার জন্য আশ্বাস দেন।

কুষ্টিয়া-২ আসনে স্বতন্ত্র প্রার্থীকে বিজয়ী করার ঘোষণা উপজেলা আ’ লীগের নেতাদের

কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনে ১৪ দলীয় জোট প্রার্থী ও জাসদ কেন্দ্রীয় কমিটির সভাপতি হাসানুল হক ইনুকে সমর্থন না দেওয়ার ঘোষণা দিয়েছে মিরপুর উপজেলা আওয়ামী লীগের নেতারা।

তাঁরা ইনুর নৌকা প্রতীকের বদলে আওয়ামী লীগের মনোনয়নবঞ্চিত স্বতন্ত্র প্রার্থী কামারুল আরেফিনকে (ট্রাক প্রতীক) সমর্থন দেওয়ার ঘোষণা দেন।

মিরপুর ও ভেড়ামারা উপজেলা নিয়ে গঠিত কুষ্টিয়া-২ আসন। স্বতন্ত্র প্রার্থী কামারুল আরেফিন মিরপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি সদ্য উপজেলা পরিষদের পদত্যাগকারী চেয়ারম্যান। তিনি দেশসেরা উপজেলা চেয়ারম্যান হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত থেকেও পদক লাভ করেন।

গতকাল মঙ্গলবার বিকেলে মিরপুর উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন নেতারা।

সংবাদ সম্মেলনে মিরপুর উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান, ১১টি ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান ও সদস্য এবং পৌরসভার কাউন্সিলররা উপস্থিত ছিলেন। তাঁরা এ সময় জাসদের কর্মী-সমর্থক ও হাসানুল হক ইনুর বিরুদ্ধে নানা অভিযোগ করেন। তাই তাঁরা একাট্টা হয়ে মাঠে সরব থাকবেন।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল হালিম বলেন, ১৫ বছর ১৪ দলের প্রার্থী হিসেবে এখানে হাসানুল হক ছিলেন। তবে আসন্ন নির্বাচনে

কামারুল আরেফিন ব্যাপক সাড়া পাচ্ছেন। তাঁরা ঐক্যবদ্ধ আছেন। তাঁরা দলের সবাইকে নিয়ে কামারুলকে বিজয়ী করার জন্য কাজ করে যাচ্ছেন।

এ সময় মিরপুর উপজেলার ইউনিয়ন চেয়ারম্যান ফোরামের সভাপতি, মালিহাদ ইউপির চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আকরাম হোসেন বলেন, বর্তমানে তাঁদের যে সংসদ সদস্য আছেন, তিনি কোনো যোগাযোগ রাখেন না। আওয়ামী লীগের কারও সঙ্গে যোগাযোগ রাখেন না। ১৫ বছরে কোনো উন্নয়ন হয়নি এ এলাকায়। তাই মিরপুর উপজেলা আওয়ামী লীগ কামারুল আরেফিনকে জেতাতে বদ্ধপরিকর।

আকরাম হোসেন আরও বলেন,‘আমাদের মিরপুর উপজেলার চেয়ারম্যান ফোরামের ১৩ চেয়ারম্যানের মধ্যে ১১ চেয়ারম্যান এখানে আছি। আমরা ১১ চেয়ারম্যান মিলে কামারুল আরেফিনকে জয়যুক্ত করেই ঘরে ফিরব ইনশাআল্লাহ।’

কুষ্টিয়াকে মাদকমুক্ত ও স্মার্ট শহর হিসেবে গড়ে তুলতে চাই –হানিফ

কুষ্টিয়াকে মাদকমুক্ত ও স্মার্ট শহর হিসেবে গড়ে তুলতে চাই- বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, উন্নয়ন ও শান্তির কুষ্টিয়া গড়া আমার লক্ষ্য ছিল। একসময় কুষ্টিয়া সন্ত্রাসী জনপদ এলাকা ছিল। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাদের কঠোরভাবে দমন করার চেষ্টা করেছি। তিনি বলেন, কুষ্টিয়াকে সকল দিক থেকে উন্নত ও আধুনিক জেলা হিসেবে গড়ে তুলবো এবং মাদকমুক্ত ও স্মার্ট শহর হিসেবে গড়ে তুলতে চাই।

গতকাল সোমবার বিকালে মিলপাড়া রেলগেট প্রাঙ্গনে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগ আয়োজিত নির্বাচনী সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

দেশের চলমান উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দেওয়ার আহবান জানিয়ে হানিফ আরও বলেন, দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই। তাই দল-মত নির্বিশেষে ৭ জানুয়ারির নির্বাচনে নৌকায় ভোট দিন।

সভায় স্বাগত বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জাতীয় শ্রমিক কেন্দ্রের নির্বাহী সদস্য মোঃ আমজাদ আলী খান।

জেলা জাতীয় শ্রমিক লীগের সহ সভাপতি জিল্লুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব সদর উদ্দিন খান, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, জেলা আওয়ামী লীগের যুগ্ন সাধারন সম্পাদক মেহেদী হাসান, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মমিনুর রহমান মমিজ, যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক খন্দকার ইকবাল মাহমুদ, মহিলা সম্পাদিকা এ্যাড. শিলা বসু, নির্বাহী সদস্য হাবিবুল হক পুলক, কুষ্টিয়া সদর উপজেলা আ’লীগের সাধারণ সম্পাদক রেজাউল হক, শহর আওয়ামীলীগের সহ-সভাপতি মিজানুর রহমান, ওয়ার্ড কাউন্সিলর আনিসুর রহমান আনছু, সংরক্ষিত মহিলা কাউন্সিলর রিনা নাসরীন প্রমুখ।

কুষ্টিয়া-২ আসনে নির্বাচন থেকে সরে দাঁড়ালেন মুসতানজীদ লোটাস

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনে স্বতন্ত্র প্রার্থী সরদার মোঃ মুসতানজীদ আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন।

আজ মঙ্গলবার (২৬ ডিসেম্বর) সকালে কুষ্টিয়াস্থ আলেয়া ভবনে সংবাদ সম্মেলনে তিনি এ ঘোষণা দেন।

তিনি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে তার নির্বাচনী প্রতীক কেটলি মার্কা নিয়ে নির্বাচনের প্রচারণা করছিলেন। তিনি কুষ্টিয়া নাগরিক

কমিটির সভাপতি ও বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশনের কুষ্টিয়া জেলা শাখার (বিএমএ) সভাপতি এবং কুষ্টিয়া মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ।

তিনি সাংবাদিকদের জানান, গত কয়েকদিন আগে আমার ছোট ভাই মৃত্যুবরণ করেন, ভাইয়ের অকাল মৃত্যুতে আমি শোকাহত। তার অনুপস্থিতি আমার সমস্ত কর্মকান্ডকে বিপর্যস্ত করেছে। তাই আমি আমার পরিবারের সাথে আলাপ আলোচনা করে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিলাম।

কাকে সমর্থন করবেন এমন প্রশ্নের জবাবে তিনি জানান, আমি নির্বাচন করবোনা এবং আপাতত কাউকে সমর্থন করছিনা বলে জানান।

নাগরিক কমিটির সভাপতি হিসেবে নিজেকে নিয়োজিত রেখেছি উল্লেখ করে তিনি আরও বলেন, আমি দীর্ঘদিন স্বাস্থ্য সেবা ও সামাজিক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত আছি এবং নাগরিক কমিটি জেলা শাখার সভাপতি। আমার এই সেবা অব্যাহত থাকবে। আমি মানুষের কাছে যেভাবে ছিলাম, সেভাবেই থাকব। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ শুনে কিশোর বয়সে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলাম। আমি মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তির সঙ্গে অবস্থান করি।

এসময় তার স্ত্রী ডা. ফাতেমা আশরাফ, মেয়ে মোমতাহিনা ফাতিমা, সহ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

আচরণবিধি লঙ্ঘনে শোকজের জবাব দিলেন হানিফ-আতা

আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ অস্বীকার করে কুষ্টিয়া-৩ আসনের নৌকার প্রার্থী মাহবুব-উল আলম হানিফ ও তার ভাই নির্বাচন অনুসন্ধান কমিটির কাছে কারণ দর্শানোর নোটিশের জবাব দিয়েছেন।

মঙ্গলবার সকাল ১১টার দিকে নোটিশের নির্ধারিত সময়ের মধ্যে মাহবুব-উল আলম হানিফ তার প্রতিনিধি রাষ্ট্রপক্ষের আইনজীবী (পিপি) অনুপ কুমার নন্দীর মাধ্যমে লিখিত জবাব দিয়েছেন বলে জানান আদালত

পুলিশের পরিদর্শক মো. মনিরুল ইসলাম।

তিনি আরও জানান, হানিফের ভাই আতাউর রহমান আতা সশরীরে হাজির হয়ে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত জবাব দাখিল করেছেন।

এর আগে রোববার বিকালে ওই আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির প্রধান যুগ্ম জেলা ও দায়রা জজ মুহাম্মদ মাযহারুল ইসলামের স্বাক্ষরে দুই ভাইকে নোটিশ পাঠানো হয়।

সেখানে ২৬ ডিসেম্বর সকাল ১১টায় অনুসন্ধান কমিটি প্রধানের কার্যালয়ে হাজির হয়ে এ দুজনের বিরুদ্ধে আনা অভিযোগের লিখিত ব্যাখ্যা চাওয়া হয়েছিল।

মাহবুব-উল আলম হানিফ এবার কুষ্টিয়া-৩ আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী। এ ছাড়া তিনি দলটির যুগ্ম সাধারণ সম্পাদক। তার চাচাতো ভাই আতাউর রহমান আতা কুষ্টিয়া সদর উপজেলা চেয়ারম্যান ও কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

আলাদাভাবে দুই ভাইয়ের বিরুদ্ধে আনা অভিন্ন অভিযোগে উল্লেখ করা হয়েছিল, কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়ে কুষ্টিয়া সদর উপজেলার মাধ্যমিক স্তরের শিক্ষকদের আয়োজনে সাতদিনের প্রশিক্ষণের শেষ দিনে প্রতিটি বিদ্যালয়ে গিয়ে শিক্ষকদের নির্বাচনি জনসভা করার জন্য বাধ্য করার অভিযোগ পাওয়া গেছে দুজনের বিরুদ্ধে। যা জাতীয় সংসদ নির্বাচনি আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ১৪ এর লঙ্ঘন।

এ বিষয়ে মাহবুব-উল আলম হানিফের প্রতিনিধি রাষ্ট্রপক্ষের আইনজীবী অনুপ কুমার নন্দী মোবাইল ফোনে বলেন, “আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে করা নোটিশের জবাব দিয়েছি অনুসন্ধান কমিটির কাছে এবং বিষয়টি নিষ্পত্তিও হয়ে গেছে।”

এবারও সরকারকে পৃথিবীর সকল মহল

সমর্থন দেবে: হানিফ

এবারও সরকারকে পৃথিবীর সকল মহল সমর্থন দেবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া সদর আসনের নৌকার প্রার্থী মাহবুবউল আলম হানিফ। তিনি বলেন, ‘নির্বাচনের পর দেশী- বিদেশী সব মহলের সমর্থন নিয়েই দেশ পরিচালনা করবে সরকার’।

আজ মঙ্গলবার (২৬ ডিসেম্বর) দুপুরে কুষ্টিয়া শহরের পিটিআই রোডে নিজ বাস ভবনে নির্বাচন নিয়ে দলীয় নেতাকর্মীদের সাথে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, ২০১৪ সালেও বিএনপি বলেছিলো নির্বাচনের পর সরকারকে কেউ বৈধতা দেবে না। কিন্তু তারপর ১০ বছর কেটে গেছে।

হানিফ বলেন, নির্বাচনের পরে সরকারের বৈধতা নিয়ে মিথ্যাচার করে মানুষকে বিভ্রান্ত করা যাবে না। এবারও জনগণের ভোটে নির্বাচিত গণতান্ত্রিক সরকারকে পৃথিবীর সকল মহল সমর্থন দেবে। এ ক্ষেত্রে কোন বিশেষ একটি মহলকে যদি কেউ ম্যানেজ করতে পারে, তবে সেটা নিয়ে ভাবার কিছু নেই।

পরে সদর উপজেলার উজানগ্রাম এলাকায় গণসংযোগ, পথসভা ও নির্বাচনী সভায় অংশ নেন নৌকার এই প্রার্থী মাহবুব উল আলম হানিফ বলেন, মাহবুবউল আলম হানিফ বলেন- জনপ্রতিনিধিদের কাছে জনগনের চাওয়া পাওয়া থাকে এলাকার রাস্তা ঘাট, স্কুল, কলেজ, শিক্ষার মান উন্নয়নসহ এলাকায় শান্তি। কুষ্টিয়া এক সময় ছিলো উন্নয়ন বঞ্চিত, দেশের অন্য জেলার থেকে কুষ্টিয়া পিছিয়ে ছিলো। আমার চিন্তা ভাবনা ছিলো কুষ্টিয়াকে ঢেলে সাজানো। বঙ্গবন্ধু কণ্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নত অগ্রগতিতে এগিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় পিছিয়ে পড়া কুষ্টিয়াকে এগিয়ে নেওয়ার চেষ্টা করেছি। বর্তমানে এ জেলার যে উন্নয়ন করা সম্ভব হয়েছে তা সিমিত। আগামী দিনে এই জেলাকে আধুনিক মডেল জেলা গড়ে তুলতে সর্বস্তরের মানুষের সহযোগিতা প্রয়োজন।

এসময় কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, যুগ্ম সাধারণ সম্পাদক শেখ হাসান মেহেদী, সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, কুষ্টিয়া প্রেসক্লাব (কেপিসি)’র সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, বাংলাদেশ ছাত্র লীগের সহ-সভাপতি বাধন, সদর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক রেজাউল হকসহ নেতাকর্মীরা উপস্থিত

ছিলেন।

কুষ্টিয়ায় ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধনকালে মাহবুবউল আলম হানিফ

কুষ্টিয়াতে আগামীতে আরও যেন উন্নয়ন হয় এবং আরও বেশি মর্যাদা পায় তার ব্যবস্থা করবো বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, উন্নয়ন ও শান্তির কুষ্টিয়া গড়া আমার লক্ষ্য ছিল। একসময় কুষ্টিয়া সন্ত্রাসী জনপদ এলাকা ছিল। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাদের কঠোরভাবে দমন করার চেষ্টা করেছি। তিনি বলেন, কুষ্টিয়াকে সকল দিক থেকে উন্নত ও আধুনিক জেলা হিসেবে গড়ে তুলতে চাই।

কুষ্টিয়ার উন্নয়নে আমি তৃপ্ত নয় উল্লেখ করে তিনি বলেন, দেশের কাজ করছি, কুষ্টিয়ার জন্য কাজ করছি। আমি আরও বেশি বেশি এই কুষ্টিয়া উন্নয়নের কাজ করতে চাই। কুষ্টিয়ার উন্নয়নে অতীতে যেভাবে কাজ করেছি, নির্বাচিত হলে ইনশাআল্লাহ এই এলাকার উন্নয়নে যা যা প্রয়োজন তা করবো- এই প্রতিশ্রুতি দিচ্ছি বলেও জানান তিনি।

গতকাল সোমবার সন্ধ্যায় দেশের অন্যতম রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধন উপলক্ষে কুষ্টিয়া শহরের কাটাইখানা মোড়ের ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

হানিফ বলেন, জেলার মানুষের দীর্ঘদিনের স্বপ্ন ছিল কুষ্টিয়া মেডিকেল কলেজ, বাইপাস সড়ক। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর ফার্স্ট প্রায়োরিটি দিয়ে এসব কাজ করেছি। কুষ্টিয়ায় মেডিকেল কলেজ, বাইপাস সড়ক, শেখ রাসেল সেতু হয়েছে। স্টেডিয়ামের কাজ শেষ

পর্যায়ে আছে। আরো অনেক কাজ করেছি। এরপরও আরো কাজ বাকি, এখনও করতে পারিনি। তিনি আরও বলেন, আজ ‘স্বপ্ন’র আউটলেট উদ্বোধনের মধ্য দিয়ে এই কুষ্টিয়াবাসীর স্বপ্ন পুরন হলো। আগামীতে আরও যেন উন্নয়ন হয় এবং এ ধরনের স্বপ্নের মতো এই কুষ্টিয়ায় আরও বড় বড় কোম্পানীর আউটলেট/ডিপার্টমেন্টাল ষ্টোর এগিয়ে আসলে এ জেলার মান মর্যাদা বৃদ্ধি পাবে।
দেশের চলমান উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দেওয়ার আহবান জানিয়ে হানিফ আরও বলেন, দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই। তাই দল-মত নির্বিশেষে ৭ জানুয়ারির নির্বাচনে নৌকায় ভোট দিন।

পরে তিনি ফিতা কেটে দেশের অন্যতম রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধন করেন।

রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট এর ফ্র্যাঞ্চাইজি এবং জেলা আওয়ামীলীগের কোষাধ্যক্ষ অজয় সুরেকার সভাপতিত্বে এসময় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী, যুগ্ম সাধারণ সম্পাদক শেখ হাসান মেহেদী, সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, কুষ্টিয়া প্রেসক্লাব (কেপিসি)’র সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, বাংলাদেশ ছাত্র লীগের সহ-সভাপতি বাধন, বিশিষ্ট ব্যবসায়ী বিশ্বনাথ সাহা বিশু, স্বপ্নের জোনাল ম্যানেজার রাসেল আল মামুন, ম্যানেজার সাব্বির হোসেনসহ আওয়ামীলীগ নেতৃবৃন্দ ও ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট এর ফ্র্যাঞ্চাইজি এবং জেলা আওয়ামীলীগের কোষাধ্যক্ষ অজয় সুরেকা জানান, ‘আমরা আশা করছি স্বাস্থ্যসম্মত এবং নিরাপদ পরিবেশে এখানের সব গ্রাহক স্বপ্নতে নিয়মিত বাজার করবেন। গ্রাহকের চাহিদা ও সন্তুষ্টিকে সবসময় অগ্রাধিকার দেয় স্বপ্ন।’

দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই: হানিফ

দেশের চলমান উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দেওয়ার আহবান জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ।

তিনি বলেন, দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই। তাই দল-মত নির্বিশেষে ৭ জানুয়ারির নির্বাচনে নৌকায় ভোট দিন।

সোমবার সকালে কুষ্টিয়া-৩ সদর আসনে নৌকা প্রতীকের প্রার্থী মাহবুবউল আলম হানিফ শহরের পিটিআই রোডে নিজ বাস ভবনে জাতীয় পার্টির নেতাকর্মীদের সাথে মতবিনিময় শেষে তিনি সাংবাদিকদের সাখেথ আলাপকালে এসব কথা বলেন।

তিনি বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে কুষ্টিয়ায় এখন পর্যন্ত তেমন কোন সংঘর্ষ, সংঘাত হয়নি। দু একটি ছোট ঘটনা যা ঘটছে তা সামাজিক বিরোধ থেকে হয়েছে।

আওয়ামীলীগের এই নেতা আরও বলেন, নির্বাচন নিয়ে সংঘাতের কথা বলার আগে বিএনপি গোষ্ঠী নিজেরা যে সন্ত্রাসী দল হয়ে গেছে সেটা স্বীকার করতে হবে। তারা সন্ত্রাসী কর্মকান্ড চালিয়েই যাচ্ছে।

পরে তিনি কাঞ্চণপুর এলাকায় গণসংযোগ, পথসভা ও নির্বাচনী সভায় অংশ নেন

দেশী বিদেশী যে কোন অশুভ

শক্তি মোকাবেলার সক্ষমতা আছে এই সরকারের : ইনু

বিদেশী বিভিন্ন ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবেলা করবো বলে জানিয়েছেন জাতীয় সমাজতান্ত্রীক দল-জাসদ সভাপতি, কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনে ১৪ দলের নৌকা প্রতীকের প্রার্থী হাসানুল হক ইনু।

তিনি বলেন, জনগনের রায় নিয়ে আগামী ৫ বছরে শেখ হাসিনার নেতৃত্বে এই সরকারই দেশকে স্মার্ট এবং সুশাসনের বাংলাদেশ বাংলাদেশ হিসেবে গড়ে তুলবে। দেশী বিদেশী যে কোন অশুভ শক্তি মোকাবেলার সক্ষমতা আছে এই সরকারের।

রবিবার সকালে হাসানুল হক ইনু কুষ্টিয়ার মিরপুর বাজার থেকে গণসংযোগ শুরুর আগে সাংবাদিকদের এসব কথা বলেন।

তিনি বলেন, আমি আওয়ামীলীগের প্রার্থী, জাসদের প্রার্থী। আবার আমি ওয়ার্কাস পাটর্◌ির প্রার্থী এবং সবচেয়ে বড় কথা হলো আমি জোটনেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার মনোনীত প্রার্থী। এই প্রার্থীর কাজ হচ্ছে যে কোন মুল্যে শান্তি বজায় রেখে মাস্তানমুক্ত এবং সন্ত্রসামুক্ত নির্বাচন অনুষ্ঠান করা। তাদের ভুমিকা রাখা এবং রাষ্ট্রীয় পর্যায়ে সাম্প্রদায়ীক জঙ্গীবাদী বিএনপি চক্রকে ক্ষমতার বাইরে রাখতে ভুমিকা রাখা। এই যে কাজটা, এই কাজ নৌকার প্রাথী হিসেবে আমাকে করতে হবে। এবং শেখ হাসিনার নির্দেশে রাজনৈতিক শান্তি একদিকে বজায় রাখবো, উন্নয়নের ধারা অব্যহত রাখবো।

তিনি আরও বলেন, ১৪ দলীয় জোটের প্রার্থী হিসেবে এখানে (মিরপুর-ভেড়ামারা) আমি নৌকা প্রতীক নিয়ে নির্বাচন করছি। ১৪ দলের নেত্রী শেখ হাসিনার পরিষ্কার নির্দেশ হচ্ছে ১৪ দলের শরীক দলকে নৌকার প্রতীকের প্রার্থীকে বিজয়ী করা। সেই নির্দেশনা অনুযায়ী আওয়ামীলীগ ও অঙ্গসহযোগী সংগঠনেসহ জাসদের নেতাকর্মীরা নির্বাচনে অংশ নিতে হবে।

মিরপুর পৌর আ’লীগের সভাপতি পৌরসভার মেয়র এনামুল হককে সাথে নিয়ে মানুষের কাছে নৌকায় ভোট প্রার্থনা করেন।